



আশ্রাবাদ বালিকা বিদ্যালয়

রোডঃ ১৭, সিডিএ আবাসিক এলাকা, চট্টগ্রাম

পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য সপ্তম সপ্তাহের এ্যাসাইনমেন্টের বিষয়বস্তু

মোট সময়: ৩ ঘন্টা, তিন বিষয়ের জন্য ১ ঘন্টা ৩০ মিনিট

বিষয়: বাংলা

নিচের কবিতাংশটুকু পড়ে ১ ও ২ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখো:

আমরা ঘাসের ছোট ছোট ফুল

হাওয়াতে দোলাই মাথা

তুলো না মোদের দলো না পায়ে

ছিঁড়না নরম পাতা।

শুধু দেখ আর খুশি হও মনে

সূর্যের সাথে হাসির কিরণে

কেমন আমরা হেসে উঠি আর

দুলে দুলে নাড়ি মাথা।

১। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো:

ক) ঘাসফুলগুলো কী রকম? কিসে তারা মাথা নাড়ায়? ২

খ) কবিতাংশটির মূলভাব পাঁচটি বাক্যে লেখো। ৫

গ) তুমি কীভাবে বাড়ির আঙিনায় ফুল গাছের যত্ন নেবে? তিনটি বাক্যে লেখো। ৩

২। নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখো: ১×৫=৫

তৃষ্ণা, ফুল, বাতাস, আকাশ, সূর্য।

৩। প্রাথমিক সমাপনী পরীক্ষার প্রস্তুতি জানিয়ে পিতার নিকট চিঠি লেখ। ৫

Subject: English

Read the following text carefully.

Sima: What are you doing, Nasreen?

Nasreen: I'm putting some chocolate on my ice-cream. Ice-cream is delicious with chocolate.

Sima: Well, it looks good, but you shouldn't eat a lot of chocolate or ice-cream.

Nasreen: Of course! I don't eat them regularly.

Sima: What kind of food do you eat regularly?

Nasreen: Oh, fruits and vegetables. I love pineapples and bananas. They are my favourites. I eat cucumbers and lettuce a lot, too.

Sima: I eat fruits and vegetables everyday. Carrots and tomatoes are my favourites, but I also like strawberries and bananas.

Nasreen: Would you like to try some of my ice-cream with chocolate?
We should eat it quickly. It will melt soon this hot weather.

Sima: Ok! Thanks.

1. Answer the following question: 2×5=10

a) What is Nasreen putting chocolate on?

b) Why shouldn't you eat chocolate regularly?

c) What are Nasreen's favourite foods?


d) What are Sima's favourite foods?

e) Write down the names of some healthy foods.

2. Write a short composition about Healthy Foods you eat regularly. 5

বিষয়: গণিত

১।



৩৬ মি.

৪২ মি.

উপরের চিত্র একটি আয়তাকার মেঝে। এই মেঝেতে কোনো খালি জায়গা না রেখে বর্গাকার কার্পেট বসাতে চাই।

ক) মেঝেতে বিছানো যাবে এমন বর্গাকার কার্পেটের বৃহত্তমটির এক বাছুর দৈর্ঘ্য কত? ৪

খ) সম্পূর্ণ মেঝেতে কার্পেট বিছানার জন্য এরূপ কয়টি কার্পেট লাগবে? ৪

২। এক ব্যক্তি ৫৬ টি টুপি, ২৮ টি পাঞ্জাবি ও ৪২ টি লুঙ্গি কোনো অবশিষ্ট না রেখে কয়েকজন গরীব লোকের মধ্যে সমানভাবে ভাগ দিতে চান।

ক) সর্বোচ্চ কতজন গরীব লোকের মধ্যে ঐ দ্রব্যগুলো সমানভাবে ভাগ করে দিতে পারবেন? ৪

খ) প্রত্যেকে কয়টি করে টুপি, কয়টি করে পাঞ্জাবি ও কয়টি করে লুঙ্গি পাবে? ৪

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: ১×৪=৪

ক) ল.সা.গু এর পূর্ণরূপ কী?

খ) ১৫ এর গুণনীয়কগুলো লিখ।

গ) ৪ এর প্রথম দুটি গুণিতক লিখ।

ঘ) ২৪ কে মৌলিক উৎপাদকে প্রকাশ কর।

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

১। শূন্যস্থান পূরণ কর: ১×৮=৮

ক) বাংলাদেশ একটি _____ দেশ।

খ) জাতীয় অর্থনীতির শতকরা প্রায় _____ ভাগ আসে কৃষি থেকে।

গ) _____ গমের চাষ করা হয়।

- ঘ) _____ বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ কৃষিপণ্য।
 ঙ) দেশের চাহিদা মেটানোর পর _____ আলু বিদেশে রপ্তানি করা হয়।
 চ) _____ জেলায় তামাকের চাষ বেশি হয়।
 ছ) বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ শিল্প হলো _____ শিল্প।
 জ) পাট হলো আমাদের প্রধান _____ ফসল।

- ২। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: ৬×২=১২
 ক) পাট কী? পাটকে সোনালি আঁশ বলা হয় কেন? পাটের চারটি ব্যবহার লেখ।
 খ) কুটির শিল্প কাকে বলে? তামাক চাষকে নিরুৎসাহিত করা হয় কেন? তামাক ব্যবহারের চারটি ক্ষতিকর দিক লেখ।

বিষয়: বিজ্ঞান

- ২। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: ৮×২=১৬
 ক) শক্তি কী? শক্তির বিভিন্ন রূপ বর্ণনা কর।
 খ) তাপ সঞ্চালন কী? কী কী উপায়ে তাপ সঞ্চালিত হয় বর্ণনা কর।

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

- ১। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লিখ: ২×৫=১০
 ক) ইসলাম কয়টি রুকনের ওপর প্রতিষ্ঠিত? সেগুলোর নাম লিখ।
 খ) কোন ইবাদত মানুষকে নিষ্পাপ করে? বুঝিয়ে লেখ।
 গ) আওকাতুম সালাত অর্থ কী? এর সংক্ষিপ্ত বিবরণ দাও।
 ঘ) আহকাম কী? যে কোনো তিনটি আহকামের নাম লেখ।
 ঙ) সাহ্ সিজদাহ বলতে কী বোঝায়?
- ২। ডানপাশের বাক্যের সাথে বাম পাশের শব্দ বা বাক্যের মিল কর: ২×৫=১০

| বাম | ডান |
|-------------------------------------|---------------------|
| ক) সিজদাহ করার স্থান | ওয়জিব |
| খ) আমাদের জীবন-মৃত্যুর মালিক | সালাতের মাধ্যমে |
| গ) আল্লাহর সাথে বান্দার সাক্ষাৎ ঘটে | মহান আল্লাহ তায়ালা |
| ঘ) সালাতে নিয়ত করা | মসজিদ |
| ঙ) সবচেয়ে পবিত্র ও সম্মানিত স্থান | ফরজ |
| | নবি-রাসূল |
| | ফেরেশতা |

বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

- ১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: ৫×২=১০
 ক) শিষ্টাচার কী? ব্যক্তি জীবনে শিষ্টাচার কী সুফল বয়ে আনে - চারটি বাক্যে লেখ।
 খ) শিষ্ট কথাটির অর্থ কী? তুমি কীভাবে শিষ্টাচার প্রদর্শন কর তা পাঁচটি বাক্যে লেখ।
- ২। শূন্যস্থান পূরণ কর: ১×১০=১০
 ক) শিষ্টাচার একটি _____ গুণ।
 খ) নম্র-ভদ্র _____ বলে শিষ্টাচার।
 গ) শিষ্টাচার প্রতিনিয়ত _____ করতে হয়।
 ঘ) শিষ্টাচারের দ্বারা _____ মন জয় করা যায়।
 ঙ) শিষ্ট কথাটির অর্থ _____।
 চ) শিষ্টাচার ধর্মের _____।
 ছ) নৈতিক গুণ হিসেবে শিষ্টাচার _____ প্রয়োজনীয়তা রয়েছে।
 জ) _____ উপর অত্যাচার করতেন।
 বা) _____ ভগবান শ্রীকৃষ্ণের সামনে এলেন।
 ঝ) আমরা প্রতিনিয়ত করব _____ অনুশীলন।

দ্রষ্টব্যঃ প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।